



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.২৪.০০৪.২০২৩- ১৬৩৮

তারিখ: ২১ শ্রাবণ ১৪৩০  
২০ আগস্ট ২০২৩

**বিষয়: প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ প্রদানের নিমিত্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান বাছাই কার্যক্রম সম্পন্নকরণ।**


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০২৪ উদযাপনের অংশ হিসেবে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ প্রদান করা হবে। সে প্রেক্ষিতে **প্রাথমিক শিক্ষা পদক নীতিমালা, ২০২২-এ ১৮টি (আঠারো) ক্যাটাগরী** ভিত্তিক ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে প্রতিযোগিতা আয়োজনের সময়সূচি নির্ধারিত রয়েছে। সময়সূচি নিম্নরূপ:

ক)	উপজেলা/ সিটি কর্পোরেশনের আওতাধীন থানা পর্যায় :	০২ সেপ্টেম্বর- ০৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ
খ)	জেলা পর্যায় :	১২ সেপ্টেম্বর- ১৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ
গ)	বিভাগ পর্যায় :	২৫ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ

২। এমতাবস্থায়, বর্ণিত সময়সূচি অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)) আপলোডকৃত **প্রাথমিক শিক্ষা পদক নীতিমালা, ২০২২** যথাযথভাবে অনুসরণপূর্বক সংযুক্ত তালিকায় বর্ণিত ক্যাটাগরী ভিত্তিক প্রতিযোগিতা আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।

৩। বিভাগীয় পর্যায়ে প্রতিযোগী বাছাইপূর্বক জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের তালিকা এবং সংশ্লিষ্ট মূল্যায়ন ছক বিভাগীয় পর্যায়ে থেকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আগামী ০২ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে হার্ডকপি ও Microsoft Word এর সফটকপি (ইউনিকোডে টাইপকৃত) [adgeneraldpe@gmail.com](mailto:adgeneraldpe@gmail.com) ই মেইলে প্রেরণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২ (এক) পাতা ,

  
ড. উত্তম কুমার দাস  
অতিরিক্ত মহাপরিচালক  
ফোন নম্বর: ৫৫০৭৪৯৬৮  
ই-মেইল: [adgdpe@gmail.com](mailto:adgdpe@gmail.com)

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল);
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল);
- ৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজসামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৭. ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)।
৮. অফিস কপি।

প্রাথমিক শিক্ষা পদক নীতিমালা, ২০২২ অনুযায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচনের নিমিত্ত ১৮ (আঠারো) ক্যাটাগরী ভিত্তিক প্রতিযোগিতার বিষয় নিম্নরূপ:

- (১) শ্রেষ্ঠ সহকারী শিক্ষক ;
- (২) শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা ;
- (৩) শ্রেষ্ঠ প্রধান শিক্ষক ;
- (৪) শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা;
- (৫) শ্রেষ্ঠ কাব শিক্ষক;
- (৬) শ্রেষ্ঠ কর্মচারী;
- (৭) শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার;
- (৮) শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার);
- (৯) শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই);
- (১০) শ্রেষ্ঠ উপজেলা/থানা শিক্ষা অফিসার;
- (১১) শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট;
- (১২) শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার;
- (১৩) শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার;
- (১৪) শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান;
- (১৫) শ্রেষ্ঠ জেলা প্রশাসক;
- (১৬) শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়;
- (১৭) শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) এবং
- (১৮) শ্রেষ্ঠ পিটিআই।

ক্রমিক নং ১-১৫ পর্যন্ত প্রতি ক্যাটাগরীতে একজন ব্যক্তি এবং ক্রমিক নং ১৬-১৮ পর্যন্ত প্রতিষ্ঠান/কমিটি নির্দিষ্ট বছরের জন্য শ্রেষ্ঠ হিসাবে নির্বাচিত হবে।

০২/০৮/২০  
০২/০৮/২০  
০২/০৮/২০